

## জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির বিশেষ সভার কার্যবিবরণী

গত ১২-০১-১৯২ ইং তারিখ রবিবার বেলা ১২.৩০ মিনিটে ডঃ এম এস ইউ চৌধুরী, নির্বাহী সহ-সভাপতি, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ এবং সভাপতি, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে নির্বাহী সহ-সভাপতি মহোদয়ের অফিস কক্ষে কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ডের বিশেষ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কারিগরি কমিটির সদস্য এবং জাতীয় বীজ বোর্ডের জাত অনুমোদনের আবেদনপত্র ফরম সংশোধনী উপ-কমিটির সদস্যদের উপস্থিতিতে (তালিকা সংযুক্ত) নিম্ন বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচ্য বিষয়-১ : জাতীয় বীজ বোর্ডের জাত অনুমোদনের আবেদনপত্র ফরম সংশোধন।

কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ডের ২২তম সভার সিদ্ধান্ত মোতাবেক জাতীয় বীজ বোর্ডের জাত অনুমোদনের আবেদন পত্র ফরম সংশোধন কলে গঠিত উপ-কমিটি ফরম সংশোধনপূর্বক যে সুপারিশ পেশ করে তার উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনার শুরুতে ফরমটি বাংলায় করার ব্যাপারে সভাপতি মহোদয় সকল সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন। এ ব্যাপারে ডঃ নূর মোহাম্মদ মিয়া, বি; ডঃ হেলালুল ইসলাম, বারি এবং অন্যান্য কয়েকজন সদস্য অভিভাবক ব্যক্ত করেন যে, জাত উন্নাবনের ব্যাপারে অনেক সময় বিদেশী বিশেষজ্ঞগণের সাহায্য সহযোগিতা দরকার হয় এবং তাদের সাথে যোগাযোগ করতে হয় তাই ফরমটি ইংরেজীতেই রাখা দরকার। সকল সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন। অতঃপর আরো পরীক্ষা-নিরীক্ষার পর আবেদন পত্রে কতিপয় সংশোধনী যোগপূর্বক সংশোধনকৃত ফরমটি অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ পেশ করা হয় (সংযুক্ত-সংশোধনকৃত ফরম)।

আলোচ্য বিষয়-২ : বীজ পরীক্ষাগারে বিশুদ্ধতা পরীক্ষায় জাতের মিশ্রণ পরীক্ষার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ এবং গুদামে রক্ষিত বীজের বেলায় লট সাইজ নির্ধারণ।

এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। কারিগরি কমিটির ২২তম সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত উপ-কমিটির সুপারিশ মোতাবেক বীজের বিশুদ্ধতা এবং লট সাইজ নির্ধারণের জন্য গঠিত উপ-কমিটি হতে সদস্য-পরিচালক (বীজ), বিএডিসিকে বাদ দিয়ে বীজ প্রযুক্তি বিশেষজ্ঞ ডঃ এস বি সিদ্ধিকী, বি; ডঃ মোস্তাফিজুর রহমান, কৃষিতত্ত্ব বিভাগ, বারি এবং জনাব মোঃ নাজমুল হুদা, ব্যবস্থাপক, বীজ উৎপাদন (চুক্তিবদ্ধ চাষী), বিএডিসি কে অন্তর্ভুক্ত করে বর্ধিত উপ-কমিটি গঠন করা হয়। এই পুণর্গঠিত কমিটিকে আগামী এক মাসের মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে একটি প্রতিবেদন কারিগরি কমিটির চেয়ারম্যান এর বরাবরে দাখিল করার জন্য দায়িত্ব প্রদান করা হয়। (পুণর্গঠিত কমিটির তালিকা সংযুক্ত)

স্বাক্ষর-

(মনির উদ্দিন খান)

সদস্য-সচিব

কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এবং

প্রধান বীজ প্রত্যয়ন কর্মকর্তা

বীজ অনুমোদন সংস্থা।

স্বাক্ষর-

(ডঃ এম.এস.ইউ চৌধুরী)

সভাপতি

কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড

এবং

নির্বাহী সহ-সভাপতি

বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ।

পুণর্গঠিত উপ-কমিটির সদস্যদের নামের তালিকা :

১।	জনাব এ কে এম তোফসির উদ্দিন সিদ্ধিকী	আহবায়ক
	পরিচালক, বীজ অনুমোদন সংস্থা	
২।	ডঃ নূর মোহাম্মদ মিয়া	সদস্য
	মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান, উন্নিদ প্রজনন বিভাগ, বারি	
	কৌলিতত্ত্ব বিভাগ, বি	
৩।	ডঃ মোঃ হেলালুল ইসলাম	সদস্য
	মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান, উন্নিদ প্রজনন বিভাগ, বারি	
৪।	জনাব মোঃ এনামুল হক, অতিরিক্ত পরিচালক (সরেজমিন)	সদস্য
	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	
৫।	ডঃ এস.বি. সিদ্ধিকী	সদস্য
	মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বি	

৬।	ডঃ মোস্তাফিজুর রহমান	সদস্য
৭।	উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বারি জনাব মোঃ নাজমুল হুদা	সদস্য
	ব্যবস্থাপক, বীজ উৎপাদন (চুক্তিবদ্ধ চাষী), বি.এ.ডি.সি	
	কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ডের বিশেষ সভায় উপস্থিত সদস্যদের তালিকা ৪	
ক্রঃ নং	নাম, পদবী ও প্রতিষ্ঠান	
১।	জনাব জি এম মঙ্গনুদ্দীন, মহা ব্যবস্থাপক (বীজ), বি.এ.ডি.সি	
২।	জনাব মোঃ নাজমুল হুদা, ব্যবস্থাপক, বীজ উৎপাদন (কঃ ঘোঃ) বি.এ.ডি.সি	
৩।	জনাব এম আর শরীফ, পরিচালক (সরেজমিন), ডি.এই	
৪।	জনাব এ.এফ.এম. মনিরুজ্জামান, পরিচালক (গবেষণা) বারি	
৫।	জনাব মোঃ হেলালুল ইসলাম, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বারি	
৬।	জনাবা সাদেকা আরংগজেব সিএস ও (ভারপ্রাপ্ত), বিজেআরআই	
৭।	জনাব নূর মোহাম্মদ মিয়া, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উক্তিদ প্রজনন, ত্রি	
৮।	জনাব এ.কে.এম, তোফসির উদ্দিন সিদ্দিকী, পরিচালক	
	বীজ অনুমোদন সংস্থা	
৯।	জনাব মনির উদ্দিন খান, মুখ্য বীজ প্রযুক্তিবিদ,	
	বীজ অনুমোদন সংস্থা	